

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিকল্পনা বিভাগ  
এনইসি-একনেক ও সমন্বয় অনবিভাগ

নং-২০.০০.০০০০.৪০৪.১৪.০৬১.২০২০(অংশ-২)/৬৪

তারিখ: ৩০ মাঘ ১৪২৯  
১৩ ফেব্রুয়ারি ২০২৩

পরিপত্র

বিষয়: সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন সম্পর্কে জারিকৃত পরিপত্রে বিনিয়োগ প্রকল্প সংশোধন সম্পর্কিত অধ্যায়ের ৪.৩.৩ নং অনুচ্ছেদ প্রতিস্থাপন

পরিকল্পনা বিভাগ হতে ১২ জুন ২০২২ তারিখে ২০.০০.০০০০.৪০৪.১৪.০৬১.২০২০(অংশ-১)/১৩৩ সংখ্যক স্মারকের মাধ্যমে “সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা” শিরোনামে জারিকৃত পরিপত্রে বিনিয়োগ প্রকল্প সংশোধন সম্পর্কিত অধ্যায়ের ৪.৩.৩ নং অনুচ্ছেদ নিম্নরূপে প্রতিস্থাপিত হবে:

৪.৩.৩ কোন প্রকল্প সংশোধনের ক্ষেত্রে সংশোধিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় সর্বশেষ অনুমোদিত ব্যয়ের ২৫% বা ৫০ (পঞ্চাশ) কোটি টাকা পর্যন্ত (যা নিম্নে হয়) বৃদ্ধি/হ্রাস পেলে সংশোধিত প্রকল্প প্রস্তাব পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুমোদন করবেন। তবে, ব্যয় বৃদ্ধি/হ্রাসের মাত্রা ২৫%-এর উর্ধ্বে হলেও প্রস্তাবিত সংশোধিত প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৭৫ (পঁচাত্তর) কোটি টাকার মধ্যে সীমিত থাকলে তা পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুমোদন করবেন। এছাড়া, প্রকল্পের ১ম/২য় সংশোধনের সময় ব্যয় হ্রাসের ক্ষেত্রে প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্য অপরিবর্তিত থাকলে মোট ব্যয় হ্রাসের পরিমাণ নির্বিশেষে প্রকল্প সংশোধন প্রস্তাব পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুমোদন করবেন।



সত্যজিত কর্মকার  
সচিব  
পরিকল্পনা বিভাগ

বিতরণ:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব (সকল), -----।
৪. সদস্য (সকল), ----- বিভাগ, পরিকল্পনা কমিশন।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১. মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব ১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।